**মুন্সীগঞ্জ সদর উপজেলার খাস পুকুর ইজারার কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি ঃ রুবায়েত হায়াত শিপলু
উপজেলা নির্বাহী অফিসার
মুন্সীগঞ্জ সদর,মুন্সীগঞ্জ।

সভার তারিখ ও সময় ঃ ১৩/০৪/২০২১ খ্রিঃ বিকাল ৩:০০ ঘটিকা।
সভার স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা (পরিশিষ্ট-'ক')

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সদস্য-সচিব সহকারী কমিশনার (ভূমি) নিলাম সংক্রান্ত বিষয়ে তথ্য উপস্থাপন করেন।

সহকারী কমিশনার (ভূমি) সভায় জানান যে, অদ্য ১৩-০৪-২০২১ খ্রিঃ তারিখ মুন্সীগঞ্জ সদর উপজেলাধীন ১১টি খাস পুকুর ইজারা ডাকের দিন ধার্য্য আছে। রাজস্ব আদায় ও সরকারী ব্যবস্থাপনায় গতিশীলতা আনয়নের লক্ষ্যে ১১টি খাসপুকুরের বাংলা ১৪২৮ হতে ১৪৩০ সন পর্যন্ত ০৩(তিন) বছরের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে আবেদন আহ্বানের জন্য নোটিশ জারী করা হয়েছে এবং ব্যাপক প্রচারের জন্য দৈনিক সভ্যতার আলো ও মুন্সীগঞ্জ সদর উপজেলাধীন বিভিন্ন হাট-বাজার সমূহে ঢোল সহরত করা হয়েছে। সে প্রেক্ষিতে নিম্ন লিখিত আবেদনগুলো ১ম ডাকের ধার্য্য দিনে পাওয়া যায়।

| ক্রমিক নং | খাস পুকুরের তফসিল | পরিমান/আয়তন | সর্বোচ্চ ডাককারীর নাম ও ঠিকানা | কাঙ্খিত মূল্য | সর্বোচ্চ ডাকমূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | মৌজা- পঞ্চসার<br>খতিয়ান-০১<br>দাগ- ১২৬ | ৩.৩৭ | মেসার্স আজিজ মৎস্য খামার | ৩,০০,০০০/- | ৭০,০০০/- | কাঙ্খিত মূল্যের চেয়েও কম |
| ০২ | মৌজা- পঞ্চসার<br>খতিয়ান-০১<br>দাগ- ১২৬ | ৩.৩৭ | মুক্তারপুর মল্লিকা দিঘী মৎস্যজিবী সমবায় সমিতি লিঃ | ৩,০০,০০০/- | ৩,০০,০০০/- | কাঙ্খিত মূল্যের সমান |
| ০৩ | মৌজা- পঞ্চসার<br>খতিয়ান-০১<br>দাগ- ১২৬ | ৩.৩৭ | পরশ মৎস্যজিবী সমবায় সমিতি,<br>নয়াগাঁও, মুন্সীগঞ্জ। | ৩,০০,০০০/- | ৭৫,০০০/- | কাঙ্খিত মূল্যের চেয়েও কম |

মুন্সীগঞ্জ সদর উপজেলাধীন ১১টি খাসপুকুরের বাংলা ১৪২৮ হতে ১৪৩০ সন পর্যন্ত ০৩(তিন) বছরের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে আবেদন আহ্বানের প্রেক্ষিতে ০১টি খাস পুকুরের জন্য (মল্লিকা দিঘী) ০৩টি আবেদন পাওয়া যায়। আবেদনগুলো উপস্থিত কমিটির সদস্যবৃন্দ যাচাই বাছাই করেন। যাচাই বাছাই করে দেখা যায় মুক্তারপুর মল্লিকা দিঘী বহুমুখী সমবায় সমিতি লিঃএর আবেদনটি কাঙ্খিত মূল্যের চেয়েও ডাকমূল্য বেশী হওয়ায় আবেদনটি গ্রহন করেন এবং ০২(দুই)টি আবেদন কাঙ্খিত মূল্যের চেয়েও ডাক মূল্যে কম হওয়ায় আবেদন ০২(দুই)টি গ্রহন করেন নাই।

সিদ্ধান্ত ঃ ০১ (এক) টি খাস পুকুরের (মল্লিকা দিঘী )আবেদন যাচাইয়ান্তে ইজারার কাঙ্খিত মূল্যের সমান ডাক মূল্য হওয়ায় উক্ত দিঘীটি বাংলা ১৪২৫ হতে ১৪২৭ সন পর্যন্ত ০৩(তিন) বছরের জন্য ইজারা প্রদানের নিমিত্ত সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। বাকী ০৯ (নয়) টি পুকুরের কোন আবেদন না পাওয়ায় উক্ত ০৯ (০৯)টি খাস পুকুর পরবর্তী ধার্য্য তারিখে ইজারা ডাকের সিদ্ধান্ত গ্রহণ করা হলো।

(রুবায়েত হায়াত শিপলু)
উপজেলা নির্বাহী অফিসার
মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ

স্মারক নং- উনিঅ/মুস/খাস-পুকুর/২০২১- তারিখ ঃ ১৩- ০৪-২০২১ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতির জন্য।

১। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।
২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মুন্সীগঞ্জ।
৩। সহকারী কমিশনার (ভূমি), মুন্সীগঞ্জ সদর।
৪। উপজেলা ................................অফিসার, মুন্সীগঞ্জ সদর। সদস্য উপজেলা খাস পুকুর ইজারা কমিটি।
৫। চেয়ারম্যান....................................
৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা...........................................ইউনিয়ন ভূমি অফিস,মুন্সীগঞ্জ সদর,মুন্সীগঞ্জ।

(সুরাইয়া জাহান)
উপজেলা নির্বাহী অফিসার
মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ

**পরিশিষ্ট "ক"**

১। হাবিবা নাসরীন, উপজেলা কৃষি অফিসার, মুন্সীগঞ্জ সদর,মুন্সীগঞ্জ।
২। শেখ মেজবাহ-উল-সাবেরীন, সহকারী কমিশনার (ভূমি), মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ।
৩। মোঃ টিপু সুলতান, উপজেলা মৎস্য কর্মকর্তা,মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ।
৪। রিয়া খান, উপজেলা সমাজসেবা অফিসার,মুন্সীগঞ্জ সদর,মুন্সীগঞ্জ।
৫। অঞ্জলী রানী হাওলাদার, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ।
৬। আলেয়া ফেরদৌসী, প্রোগ্রাম অফিসার, জেলা মহিলা বিষয়ক অফিস,মুন্সীগঞ্জ।
৭। মোঃ হাবিব, সাং- মুক্তারপুর, মুন্সীগঞ্জ।
৮। আবদুল সাং- পঞ্চসার, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ।
৯। খাজাবাহাউদ্দিন, নয়াগাও, মুন্সীগঞ্জ সদর, ,মুন্সীগঞ্জ।
১০। এস.এম.বদরুজ্জামান, রতনপুর,মুন্সীগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ।

স্মারক নং ০৫.৩০.৫৯৫৬.০০০.০০১.৩২.২১-২২৯ তারিখঃ ০৮/০৪/২০২১ খ্রিঃ।

## "প্রাকাশ্য নিলাম ডাকের নোটিশ"

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯ এর আলোকে ও রাজস্ব আদায়, সরকারী ব্যবস্থাপনায় গতিশীলতা আনয়নের লক্ষ্যে মুন্সীগঞ্জ সদর উপজেলা ভূমি অফিসের আওতাধীন বিভিন্ন খাস পুকুর বাংলা ১৪২৮ সন হতে ১৪৩০ বাংলা সনের ৩০ শে চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বৎসর মেয়াদে ইজারা প্রদানের জন্য নিম্ন লিখিত শর্ত সাপেক্ষে সীলমোহর যুক্ত খামে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে । বিজ্ঞপ্তি জারীর দিন হতে দরখাস্ত দাখিলের পূর্ব দিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে নির্ধারিত (অফেরতযোগ্য) মূল্যে দরপত্র সিডিউল ক্রয় করা যাবে।

### শর্ত সমূহঃ

(১) নিলাম ডাকে অংশ গ্রহণকারীকে অবশ্যই মৎসজীবি সমবায় সমিতি হতে হবে। এ লক্ষ্যে সমবায়/সমাজসেবা অফিস কর্তৃক প্রত্যয়ন পত্র দিতে হবে।
(২) নিলামে অংশ গ্রহণকারীগণকে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় অথবা সহকারী কমিশনার(ভূমি), সিরাজদিখান এর কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে ৫০০/-(পাঁচশত ) টাকা (অফেরতযোগ্য) মূল্যে দরপত্র ক্রয় করা যাবে। আবেদনকারী ডাকের কমপক্ষে ২০% হারে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসার বরাবর জমা প্রদান করতে হবে। আবেদনকৃত ডাক গৃহীত হলে ডাককারীকে ডাকের সমস্ত টাকা নিলাম ডাকের দিনই অফিস চলাকালীন সময়ে জমা দিতে হবে।
(৩) ইজারাদারকে ডাক মূল্যের ৫% আয়কর ও ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) প্রদান করতে হবে।
(৪) ইজরাদার কোন ক্রমেই পুকুরটি সাব-লীজ দিতে পারবেন না। ইজারা চুক্তির কোন শর্ত ভঙ্গ করলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং ইজারা মূল্য সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে।
(৫) ইজারাদার পুকুরটি পরিস্কার-পরিছন্ন রাখবেন এবং পুকুরের সীমানা বহাল রাখবেন।
(৬) সর্বসাধারণের ব্যবহারের জন্য পুকুরের পানি উন্মুক্ত রাখতে হবে।
(৭) কোন কারণ দর্শানো ব্যাতিরেকেই কর্তৃপক্ষ দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা রাখেন।

### ইজারা সংক্রান্ত দিনপঞ্জি

| ক্রঃ নং | খাস পুকুরের নাম | ইজারা কাংখিত মূল্য | দাখিলের তারিখ | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ১ম বার | | ২য় বার | | ৩য় বার | |
| | | | দরপত্র বিক্রয় শুরু ও শেষ তারিখ | দরপত্র দাখিলের শেষ তারিখ | দরপত্র বিক্রয় শুরু ও শেষ তারিখ | দরপত্র দাখিলের শেষ তারিখ | দরপত্র বিক্রয় শুরু ও শেষ তারিখ | দরপত্র দাখিলের শেষ তারিখ |
| ১ | মালপাড়া এ কে চৌধুরী ভবনের পিছনের পুকুর | ৬০,৫০০/- | ১১-০৪-২১ হতে ১২-০৪-২১ | ১৩-০৪-২১ | ১৫-০৪-২১ এবং ১৮-০৪-২১ | ১৯-০৪-২১ | ২০-০৪-২১ হতে ২১-০৪-২১ | ২২-০৪-২১ |
| ২ | দেওভোগ মসজিদ সংলগ্ন খাস পুকুর | ১১,৫৫০/- | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ৩ | বাগমামুদালী মসজিদ সংলগ্ন খাস পুকুর | ১২,১০০/- | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ৪ | মল্লিকা দিঘী | ৩,৩০,০০০/- | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ৫ | বিশ্ব দিঘী | ৪,৪০,০০০/- | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ৬ | মুরমা খাস পুকুর | ২০,৩৫০/- | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ৭ | রামনগর খাস পুকুর | ১২,১০০/- | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ৮ | রামগোপালপুর খাস পুকুর | ১২,১০০/- | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ৯ | রামগোপালপুর খাস পুকুর | ১২,১০০/- | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ১০ | রামগোপালপুর খাস পুকুর | ১২,১০০/- | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |
| ১১ | রামগোপালপুর খাস পুকুর | ১২,১০০/- | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ |

## তফসিল

| ক্রমিক নং | খাস পুকুরের নাম | মৌজা | খতিয়ান | দাগ | শ্রেণী | পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | মালপাড়া এ কে চৌধুরী ভবনের পিছনের পুকুর | মুন্সীগঞ্জ | ০১ | ৫০৮৮ | পুকুর | ০.৬২৬২ | |
| ২ | দেওভোগ মসজিদ সংলগ্ন খাস পুকুর | দেওভোগ | ০১ | ১৭৭৭ | পুকুর | ০.৫৯০০ | |
| ৩ | বাগমামুদালী মসজিদ সংলগ্ন খাস পুকুর | বাগমামুদালী | ০১ | ১৭২ | পুকুর | ০.১৮০০ | |
| ৪ | মল্লিকা দিঘী | পঞ্চসার | ০১ | ১২৬ | পুকুর | ৩.৩৭ | |
| ৫ | বিশ্ব দিঘী | পঞ্চসার | ০১ | ৩৪৪৩ | পুকুর | ৩.৪৪ | |
| ৬ | মুরমা খাস পুকুর | মুরমা | ০১ | ৫১২ | পুকুর | ০.৮৩ | |
| ৭ | রামনগর খাস পুকুর | রামনগর | ০১ | ৬৮ | পুকুর | ০.৩৩ | |
| ৮ | রামগোপালপুর খাস পুকুর | রামগোপালপুর | ০১ | ১১৭ | পুকুর | ০.১৭ | |
| ৯ | রামগোপালপুর খাস পুকুর | রামগোপালপুর | ০১ | ১১৫ | পুকুর | ০.১৯ | |
| ১০ | রামগোপালপুর খাস পুকুর | রামগোপালপুর | ০১ | ৩৫৮ | পুকুর | ০.৪০ | |
| ১১ | রামগোপালপুর খাস পুকুর | রামগোপালপুর | ০১ | ১১২ | পুকুর | ০.৮১ | |

(রুবায়েত হায়াত শিপলু)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহ্বায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি
মুন্সীগঞ্জ সদর,মুন্সীগঞ্জ।

স্মারক নং ০৫.৩০.৫৯৫৬.০০০.০০১.৩২.২১-২২৯ তারিখঃ ০৮/০৪/২০২১ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

১। জেলা প্রশাসক,মুন্সীগঞ্জ।
২। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব),মুন্সীগঞ্জ।
৩। চেয়ারম্যান,উপজেলা পরিষদ, মুন্সীগঞ্জ সদর,মুন্সীগঞ্জ।
৪। সহকারী কমিশনার(ভূমি), মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ।
৫। উপজেলা ---------------------অফিসার,মুন্সীগঞ্জ সদর,মুন্সীগঞ্জ।
৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা,মুন্সীগঞ্জ সদর থানা,মুন্সীগঞ্জ।
৭। সাব-রেজিষ্টার, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ।
৮। পোষ্ট মাষ্টার,মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ।
৯। চেয়ারম্যান,----------------- ইউনিয়ন পরিষদ,মুন্সীগঞ্জ সদর,মুন্সীগঞ্জ।
১০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ..................................ইউনিয়ন ভূমি অফিস,মুন্সীগঞ্জ সদর,মুন্সীগঞ্জ। তাকে নিলাম নোটিশ জনবহুল স্থানে এবং বর্ণিত পুকুরের আশে পাশে ঢোলসহরতের/মাইকযোগে এলাকায় ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।
১১। নোটিশ বোর্ড

উপজেলা নির্বাহী অফিসার
ও
আহ্বায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি
মুন্সীগঞ্জ সদর,মুন্সীগঞ্জ।